# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধিনায়ক
২৪ আনসার ব্যাটালিয়ন
কালাপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার

এবং

রেঞ্জ কমান্ডার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সিলেট রেঞ্জ, সিলেট

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২৩ খ্রিঃ হতে ৩০ জুন ২০২৪ খ্রিঃ পর্যন্ত

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন-১ : রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | ৫ |
| সেকশন-২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব | ৬ |
| সেকশন-৩ : কর্মসম্পাদন পরিকল্পনা | ৭-৯ |
| সংযোজনী-১ : শব্দ সংক্ষেপ (Acronyms) | ১১ |
| সংযোজনী-২ : কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১২ |
| সংযোজনী-৩ : অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১৩ |
| সংযোজনী-৪ : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | ১৪ |
| সংযোজনী-৫ : ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | ১৫ |
| সংযোজনী-৬ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | ১৬ |
| সংযোজনী-৭ : সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | ১৭ |
| সংযোজনী-৮ : তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | ১৮ |

# ২৪ আনসার ব্যাটালিয়ন কার্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**ভূমিকা ঃ** দেশের সার্বিক আইন শৃংখলা ও জননিরাপত্তা বিধানে ২৪ আনসার ব্যাটালিয়ন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। ২৪ আনসার ব্যাটালিয়নের ব্যাটালিয়ন আনসার সদস্যগণ কালাপুর, শ্রীমঙ্গল মৌলভীবাজার আগমনের পূর্বে পার্বত্য অঞ্চলের, রাঙ্গামাটি জেলার দু'টি সেনা ও একটি বিজিবি জোনের সেনাবাহিনী, বিজিবি ও পুলিশ বাহিনীর সমন্বয়ে আইন-শৃংখলা রক্ষা, চোরাচালান রোধ, মাদক বিরোধী অভিযানসহ বিভিন্ন অপারেশনাল কার্যক্রমে প্রশংসনীয় ভূমিকা পালন করেছেন। বর্তমানে ২৪ আনসার ব্যাটালিয়ন একটি রেঞ্জ, চারটি জেলা ও একটি ক্যাম্প (তোশাখানা, বিজয় স্মরণী, ঢাকা) এর অফিসারদের সাথে বিভিন্ন প্রকার অপারেশনাল কার্যক্রম পরিচালনা করে আসছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ ঃ**

ক) প্রাধিকার মোতাবেক জনবলের ঘাটতি ও বিভিন্ন দপ্তর/পরিদপ্তরে জনবল সংযুক্ত থাকায় বিভিন্ন প্রশাসনিক ও অপারেশনাল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা অন্যতম সমস্যা।

খ) আনসার বাহিনীর জন্য সুনির্দিষ্ট কাজের ক্ষেত্র চিহ্নিত না থাকা।

গ) প্রয়োজনীয় অবকাঠামো ও আবাসন খাতে উন্নয়নের জন্য অপ্রতুল বরাদ্দ।

**ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

১। ব্যাটালিয়ন আনসার সদস্যদের চাকুরী প্রথম নিয়োগ হতে ০ (শূণ্য) বৎসরে স্থায়ীকরণের ব্যবস্থা করা।

২। বিভিন্ন সামরিক ও বেসমাররিক প্রতিষ্ঠানে রনকৌশল ও পেশাভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ সৈনিক হিসেবে গড়ে তোলা।

৩। দেশের সমতল এলাকায় আইন শৃংখলা রক্ষায় ও জনসাধারণের জানমাল রক্ষায় সামরিক, আধাসামরিক ও বেসামরিক প্রশাসনের সাথে এবং একক ভাবে সরকার কর্তৃক নির্ধারিত দায়িত্ব পালন করা।

**২০২৩-২০২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ**

১। সমতল এলাকা জনসাধারণের নিরাপত্তা বিধানকল্পে ১২০ টি টহল ও অন্যান্য অভিযানে অংশগ্রহণ।

২। দূর্যোগপূর্ব এবং দূর্যোগ পরবর্তীকালীণ কার্যক্রম পরিচালনার জন্য ব্যাটালিয়ন আনসার সদস্যদের প্রশিক্ষণ প্রদান।

৩। রাষ্ট্রীয় ও ধর্মীয় অনুষ্ঠানাদির নিরাপত্তা রক্ষার জন্য ৯৫ জন ব্যাটালিয়ন আনসার সদস্য মোতায়েন।

৪। সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ দমন, মাদকদ্রব্য ও চোরাচালান রোধকল্পে অভিযান পরিচালনা করা।

৫। ৭৫ জন ব্যাটালিয়ন আনসার সদস্যকে বিভিন্ন পেশাগত ও দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অধিনায়ক
২৪ আনসার ব্যাটালিয়ন, কালাপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার

এবং

রেঞ্জ কমান্ডার

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

সিলেট রেঞ্জ, সিলেট এর মধ্যে

২০২৩ সালের জুন মাসের ...১৮... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন।

# সেকশন-১

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি

১.১ **রূপকল্প (Vision):** সুখী, সমৃদ্ধ ও নিরাপদ রাষ্ট্র গঠনে দেশের সর্বত্র শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন ও নিরাপত্তা বিধান।

১.২ **অভিলক্ষ্য (Mission):**

১। জন নিরাপত্তামূলক কাজে সরকার বা সরকারের অধীন কোন কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করা।

২। দেশের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক নির্দেশিত যে কোন জনকল্যাণ মূলক কাজে অংশগ্রহণ করা।

৩। দেশের যে কোন দূর্যোগ মোকাবেলায় সরকার কর্তৃক নির্দেশিত কাজে অংশগ্রহণ করা।

৪। প্রবিধান ধারা নির্ধারিত অন্যান্য কাজ করা। বিশেষ করে সামগ্রিকতা কে ক্ষুণ না করে ব্যাটালিয়ন আনসার সরকারের নির্দেশে স্থল বাহিনী, নৌ-বাহিনী, বিমান বাহিনী, বাংলাদেশ বর্ডার গার্ড ও পুলিশ বাহিনী-কে সহায়তা প্রদান।

১.৩ **কর্মসম্পাদনের ক্ষেত্র:**

১. বিভিন্ন কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি করা।

২. বিভিন্ন সরকারি/বেসরকারি গুরুত্বপূর্ণ সংস্থা, স্থাপনা ও প্রতিষ্ঠানের নিরাপত্তা প্রদান করা।

৩. পার্বত্য এলাকাসহ সমগ্র দেশে জননিরাপত্তা ও আইন-শৃঙ্খলা রক্ষামূলক কাজে অংশগ্রহণ।

৪. যে কোন দুর্যোগ মোকাবেলা ও দুর্যোগ ব্যবস্থাপনামূলক কার্যক্রম।

৫. জনহিতকর কার্যক্রম।

**সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)**

১। **সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ:**

ক) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

খ) ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

গ) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

ঘ) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

ঙ) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

১.৪ **কার্যাবলিঃ (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি)**

১. আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ব্যাটালিয়ন আনসার সদস্যদের বিভিন্ন কারিগরি, পেশাভিত্তিক ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করে দক্ষ মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি করা;

২. জাতীয় ও স্থানীয় পর্যায়ের নির্বাচন, দূর্গাপূজাসহ বিভিন্ন রাষ্ট্রীয়,সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানাদির নিরাপত্তায় ব্যাটালিয়ন আনসার সদস্যদের নিয়োজিত করা ।

৩. বিভিন্ন দুর্যোগ মোকাবেলায় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে স্বেচ্ছাসেবী তৈরি করে দুর্যোগ ব্যবস্থাপনায় অংশগ্রহণ করা।

৪. সিলেট রেঞ্জাধীন এলাকায় যৌথ ও এককভাবে টহল/অভিযানের মাধ্যমে আইন শৃঙ্খলা রক্ষা ও জানমালের নিরাপত্তা বিধান করা;

৫. নির্বাহী ম্যাজিস্ট্রেডদের সাথে বিভিন্ন সময় ব্যাটালিয়ন আনসার সদস্যগণ কর্তৃক মোবাইল কোর্টে অংশগ্রহণ।

## সেকশন-২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসূচক | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২২-২৩ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| [১] ব্যাটালিয়ন আনসার সদস্যদের প্রশিক্ষণ প্রদান করে মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি করা; | [১.১] ব্যাটালিয়ন আনসার সদস্যদের বিভিন্ন মৌলিক, পেশাগত ও দক্ষতা বৃদ্ধিমুলক প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ৫০ | ৬০ | ৭৫ | ৭৮ | ৮২ | আনসার ভিডিপি সদর দপ্তর প্রশিক্ষণ শাখা/বার্ষিক প্রশিক্ষণ নির্দেশিকা | প্রশিক্ষণার্থী প্রেরণের অফিস আদেশ/ প্রতিবেদন |
| [২] দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন; | [২.১] ২৪ আনসার ব্যাটালিয়ন এর যৌথ ও এককভাবে টহল ও অভিযান | সংখ্যা | ১১২ | ১১০ | ১২০ | ১২২ | ১২৫ | আনসার ও ভিডিপি সদর দপ্তর, বর্ডার গার্ড বাংলাদেশ, স্থানীয় সরকার, জেলা প্রশাসন, ভোক্তা অধিকার সংরক্ষ অধিদপ্তর | ২৪ আনসার ব্যাটালিয়নের মোতায়েন প্রতিবেদন/অফিস আদেশ |
| | [২.২] ব্যাটালিয়ন আনসার সদস্য মোতায়েন | সংখ্যা | ৭০ | ৭০ | ৯৫ | ১০০ | ১০৫ | আনসার ভিডিপি সদর দপ্তর | ২৪ আনসার ব্যাটালিয়নের বিভিন্ন জেলার প্রতিবেদন/অফিস আদেশ |
| [৩] জানমালের নিরাপত্তা বিধান | [৩.১] ব্যাটালিয়ন আনসার মোতায়েন | সংখ্যা | - | - | - | - | - | - | - |
| [৪] দূর্যোগ ব্যবস্থাপনা | [৪.১] দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দিয়ে স্বেচ্ছাসেবী তৈরি | সংখ্যা | - | - | - | - | - | - | - |

# সেকশন ৩

## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান ৭০ | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন (বিগত দুই বছরের) | | ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা/নির্ণায়ক | | | | | প্রক্ষেপণ (আগামী দুই অর্থ বছরের) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] ব্যাটালিয়ন আনসার সদস্যদের সক্ষমতা বৃদ্ধিকরণ | ২৫ | [১.১] প্রশিক্ষণ | [১.১.১] ব্যাটালিয়ন আনসার সদস্যদের মৌলিক প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৬ | - | - | - | - | - | - | - | - | - |
| | | | [১.১.২] ব্যাটালিয়ন আনসার সদস্যদের পেশাগত প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৬ | ৫০ | ৬০ | ৭০ | ৬৫ | ৬০ | ৪৫ | ৩৫ | ৬৫ | ৭০ |
| | | | [১.১.৩] ব্যাটালিয়ন আনসার সদস্যদের কারিগারি প্রশিক্ষণ প্রদান | সমষ্টি | সংখ্যা | ৫ | - | - | - | - | - | - | - | - | - |
| | | | [১.১.৪] কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান | সমষ্টি | সংখ্যা | ৫ | ৭ | ৩ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| | | | [১.১.৫] স্মার্ট বাংলাদেশ বিনির্মানে র্কমকর্তা/কর্মচারীদের করণীয় শীর্ষক কর্মশালা আয়োজন | সমষ্টি | সংখ্যা | ৩ | - | - | - | - | - | - | - | - | - |
| [২] জনহিতকর কার্যক্রম | ১৫ | [২.১]জনকল্যাণমূলক কার্যক্রম গ্রহণ | [২.১.১] ‘ আমার গ্রাম আমার শহর’ কর্মসূচীর আওতায় গ্রামীণ মানব সম্পদ উন্নয়নমূলক কর্মসূচী | সমষ্টি | সংখ্যা | ১ | - | - | - | - | - | - | - | - | - |
| | | | [২.১.২] ব্যাটালিয়ন আনসার সদস্যদের চিকিৎসা আবেদন প্রক্রিয়া করণ | সমষ্টি | সংখ্যা | ২ | - | - | ১৫ | ১৩ | ১১ | ১০ | ০৯ | ১৭ | ২০ |
| | | | [২.১.৩] ব্যাটালিয়ন আনসার সদস্যদের সন্তানদের শিক্ষাবৃত্তি আবেদন প্রক্রিয়া করণ | সমষ্টি | সংখ্যা | ২ | -- | -- | ২ | ২ | ১ | ১ | - | ৩ | ৪ |
| | | | [২.১.৪] দরিদ্র-অসহায় আনসার ভিডিপি সদস্যদের শীত বস্ত্র বিতরণ | সমষ্টি | সংখ্যা | ৩ | - | - | - | - | - | - | - | - | - |
| | | | [২.১.৫] ব্যাটালিয়ন আনসার সদস্যদের চিকিৎসা প্রদান | সমষ্টি | সংখ্যা | ৩ | - | - | - | - | - | - | - | - | - |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান ৭০ | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন (বিগত দুই বছরের) | | ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা/নির্ণায়ক | | | | | প্রক্ষেপণ (আগামী দুই অর্থ বছরের) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [৩] জননিরাপত্তা ও আইন-শৃঙ্খলা রক্ষামূলক কার্যক্রম | ২০ | [৩.১] টহল/ অভিযান | [৩.১.১] ২৪ আনসার ব্যাটালিয়নের যৌথ ও একক টহল/অভিযান | সমষ্টি | সংখ্যা | ৪ | ১১২ | ১১০ | ১২০ | ১১০ | ১০০ | ৯২ | ৮২ | ১২২ | ১২৫ |
| | | [৩.২]ব্যাটালিয়ন আনসার সদস্য মোতায়েন | [৩.২.১] সরকারি সংস্থার নিরাপত্তা | সমষ্টি | সংখ্যা | ৬ | ৩০ | ৩০ | ৩০ | ২৭ | ২৪ | ২২ | ২০ | ৩০ | ৩০ |
| | | | [৩.২.২] রাষ্ট্রীয় ও ধর্মীয় অনুষ্ঠানাদির নিরাপত্তা বিধান | সমষ্টি | সংখ্যা | ৬ | ৫০ | ৬০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৭০ | ৭৫ |
| | | | [৩.২.৩] আনসার ব্যাটালিয়নের বিভিন্ন ক্যাম্প পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৪ | - | - | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৪ |
| [৪] দুর্যোগ ব্যবস্থাপনা | ১০ | [৪.১] দুর্যোগ ব্যবস্থাপনামূলক কার্যক্রম | [৪.১.১] প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনার জন্য স্বেচ্ছাসেবী তৈরি | সমষ্টি | সংখ্যা | ৪ | - | - | - | - | - | - | - | - | - |
| | | | [৪.১.২] বৃক্ষ রোপন | সমষ্টি | সংখ্যা | ৪ | - | - | ৬০ | ৫৪ | ৫০ | ৪৫ | ৪১ | ৬৫ | ৭০ |
| | | | [৪.১.৩] প্রতি ইঞ্চি অনাবাদী জায়গায় উৎপাদনমুখী করার লক্ষ্যে আনসার ভিডিপি সদস্য –সদস্যাদের মধ্যে জন সচেতনতা বৃদ্ধির জন্য মাঠ পর্যায়ে উদ্বুকরণ সভা আয়োজন | সমষ্টি | সংখ্যা | ২ | - | - | - | - | - | - | - | - | - |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন (বিগত দুই বছরের) | | ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা/নির্ণায়ক | | | | | প্রক্ষেপণ (আগামী দুই অর্থবছরের) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** (মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত) | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৪ | | | | | | | | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |

আমি, **মুহাম্মদ মেহেদী হাসান**, **বিএএম, পিএএমএস,** পরিচালক, ২৪ আনসার ব্যাটালিয়ন, কালাপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার হিসাবে রেঞ্জ কমান্ডার, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সিলেট রেঞ্জ, সিলেট মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকিবো।

আমি, **মুহাম্মদ মেহেদী হাসান**, **বিএএম, পিএএমএস,** পরিচালক ও রেঞ্জ কমান্ডার (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সিলেট রেঞ্জ, সিলেট হিসাবে পরিচালক. ২৪ আনসার ব্যাটালিয়ন, কালাপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

............................................................ ২৫/০৬/২০২৩ ............................................

অধিনায়ক
২৪ আনসার ব্যাটালিয়ন
কালাপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

তারিখ

............................................................ ২৫/০৬/২০২৩ ............................................

পরিচালক
ও রেঞ্জ কমান্ডার (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সিলেট রেঞ্জ, সিলেট।

তারিখ

## সংযোজনী-১

### শব্দসংক্ষেপ
### (Acronyms)

| ক্র. নং | আদ্যক্ষর | পূর্ণবিবরণ |
|---|---|---|
| 1. | RTI | Right to Information |
| 2. | E-Gov | Electronic Governance |
| 3. | E-Gp | National e-Government Procurement Portal |
| 4. | AMIS | Ansar Management Information System |
| 5. | NIS | National Integrity Strategy |
| 6. | GRS | Grievance Redress System |
| 7. | VDP | Village Defence Party |
| 8. | CC | Citizen Charter |

| ক্র. নং | আদ্যক্ষর | পূর্ণবিবরণ |
|---|---|---|
| ১ | আরটিআই | রাইট টু ইনফরমেশন |
| ২ | ই-গভ | ইলেকট্রোনিক গভর্ণনেন্স |
| ৩ | ই-জিপি | ন্যাশনাল ই-গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট পোর্টাল |
| ৪ | এএমআইএস | আনসার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৫ | এনআইএস | ন্যাশনাল ইন্টিগ্রিটি স্ট্রাটেজি |
| ৬ | জিআরএস | গ্রিভেন্স রিড্রেস সিস্টেম |
| ৭ | ভিডিপি | ভিলেজ ডিফেন্স পার্টি |
| ৮ | সিসি | সিটিজেন চার্টার |

## সংযোজনী-২

## কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্রঃনং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্র অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| ১ | [১.১] প্রশিক্ষণ | [১.১.১] ব্যাটালিয়ন আনসার সদস্যদের মৌলিক প্রশিক্ষণ | - | - |
| | | [১.১.২] ব্যাটালিয়ন আনসার সদস্যদের পেশাগত প্রশিক্ষণ | ২৪ আনসার ব্যাটালিয়ন | প্রশিক্ষণের আদেশ, প্রশিক্ষণার্থীদের নামীয় তালিকা ও প্রশিক্ষণের ছবি। |
| | | [১.১.৩] ব্যাটালিয়ন আনসার সদস্যদের পদোন্নতি প্রশিক্ষণ | ২৪ আনসার ব্যাটালিয়ন | প্রশিক্ষণের আদেশ, প্রশিক্ষণার্থীদের নামীয় তালিকা ও প্রশিক্ষণের ছবি। |
| | | [১.১.৪] কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণদান | ২৪ আনসার ব্যাটালিয়ন | প্রশিক্ষণের আদেশ, প্রশিক্ষণার্থীদের নামীয় তালিকা ও প্রশিক্ষণের ছবি। |
| | | [১.১.৫] স্মার্ট বাংলাদেশ বিনির্মানে কর্মকর্তা/কর্মচারীদের করণীয় শীর্ষক কর্মশালা আয়োজন | - | - |
| ২ | [২.১] জনকল্যাণমূলক কার্যক্রম গ্রহণ | [২.১.১] ‘ আমার গ্রাম আমার শহর’ কর্মসূচীর আওতায় গ্রামীণ মানব সম্পদ উন্নয়নমূলক কর্মসূচী | - | - |
| | | [২.১.২] ব্যাটালিয়ন আনসার সদস্যদের চিকিৎসা আবেদন প্রক্রিয়া করণ | ২৪ আনসার ব্যাটালিয়ন | অফিস আদেশ, ছবি ও সমাপনী প্রতিবেদন |
| | | [২.১.৩] ব্যাটালিয়ন আনসার সদস্যদের সন্তানদের শিক্ষাবৃত্তি আবেদন প্রক্রিয়া করণ | ২৪ আনসার ব্যাটালিয়ন | অফিস আদেশ, ছবি ও সমাপনী প্রতিবেদন |
| | | [২.১.৪] দরিদ্র-অসহায় আনসার ভিডিপি সদস্যদের শীত বস্ত্র বিতরণ | - | - |
| | | [২.১.৫] ব্যাটালিয়ন আনসার সদস্যদের চিকিৎসা প্রদান | - | - |
| ৩ | [৩.১] টহল ও অভিযান | [৩.১.১] ২৪আনসার ব্যাটালিয়নের যৌথ ও একক টহল/অভিযান | ২৪ আনসার ব্যাটালিয়ন | টহল /অভিযানের আদেশ, ছবি ও প্রতিবেদন |
| | [৩.২] ব্যাটালিয়ন আনসার সদস্য মোতায়েন | [৩.২.১] সরকারি সংস্থার নিরাপত্তা বিধান | ২৪ আনসার ব্যাটালিয়ন | নিরাপত্তা প্রদানের মোতায়েন আদেশ, তদারকি রিপোর্ট ও ছবি |
| | | [৩.২.২] রাষ্ট্রীয় ও ধর্মীয় অনুষ্ঠানাদির নিরাপত্তা বিধান | ২৪ আনসার ব্যাটালিয়ন | নিরাপত্তা প্রদানের মোতায়েন আদেশ, তদারকি রিপোর্ট ও ছবি |
| | | [৩.২.৩] আনসার ব্যাটালিয়নের বিভিন্ন ক্যাম্প পরিদর্শন | ২৪ আনসার ব্যাটালিয়ন | পরিদর্শনের ছবি ও পরিদর্শণ রেজিস্টারের ছবি |
| ৪ | [৪.১] দুর্যোগ ব্যবস্থাপনামূলক কার্যক্রম | [৪.১.১] প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনার জন্য স্বেচ্ছাসেবী তৈরি | - | - |
| | | [৪.১.২] বৃক্ষ রোপন | ২৪ আনসার ব্যাটালিয়ন | অফিস আদেশ, ছবি ও সমাপনী প্রতিবেদন |

## সংযোজনী-৩

## অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যে সকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| [১.১] প্রশিক্ষণ | [১.১.১] ব্যাটালিয়ন আনসার সদস্যদের মৌলিক প্রশিক্ষণ | - | - |
| | [১.১.২] ব্যাটালিয়ন আনসার সদস্যদের পেশাগত প্রশিক্ষণ | প্রশিক্ষণ শাখা, সদর দপ্তর ও রেঞ্জ দপ্তর সিলেট | আদেশ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণার্থী প্রেরণ |
| | [১.১.৩] ব্যাটালিয়ন আনসার সদস্যদের পদোন্নতি প্রশিক্ষণ | প্রশিক্ষণ শাখা, সদর দপ্তর ও রেঞ্জ দপ্তর সিলেট | আদেশ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণার্থী প্রেরণ |
| | [১.১.৪] কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণদান | নিজস্ব বাহিনী ও বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান | আদেশ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণার্থী প্রেরণ |
| | [১.১.৫] স্মার্ট বাংলাদেশ বিনির্মানে কর্মকর্তা/কর্মচারীদের করণীয় শীর্ষক কর্মশালা আয়োজন | - | - |
| [২.১] জনকল্যাণমূলক কার্যক্রম গ্রহণ | [২.১.১] ‘ আমার গ্রাম আমার শহর’ কর্মসূচীর আওতায় গ্রামীণ মানব সম্পদ উন্নয়নমূলক কর্মসূচী | - | - |
| | [২.১.২] ব্যাটালিয়ন আনসার সদস্যদের চিকিৎসা অনুদান প্রক্রিয়া করণ | আভি সদর দপ্তর ও রেঞ্জ দপ্তর সিলেট | অভ্যন্তরীন পত্র যোগাযোগ |
| | [২.১.৩] ব্যাটালিয়ন আনসার সদস্যদের সন্তানদের শিক্ষাবৃত্তি প্রক্রিয়া করণ | আভি সদর দপ্তর ও রেঞ্জ দপ্তর সিলেট | অভ্যন্তরীন পত্র যোগাযোগ |
| | [২.১.৪] দরিদ্র-অসহায় আনসার ভিডিপি সদস্যদের শীত বস্ত্র বিতরণ | আভি সদর দপ্তর ও রেঞ্জ দপ্তর সিলেট | অফিস আদেশ, ছবি ও সমাপনী প্রতিবেদন |
| | [২.১.৫] ব্যাটালিয়ন আনসার সদস্যদের চিকিৎসা প্রদান | - | - |
| [৩.১] টহল ও অভিযান | [৩.১.১] ২৪ আনসার ব্যাটালিয়নের যৌথ ও একক টহল/অভিযান | জেলা প্রশাসক ও সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট | টহল অভিযানে লজিস্টিক সহায়তা প্রাপ্তির জন্য যোগাযোগ |
| [৩.২] ব্যাটালিয়ন আনসার সদস্য মোতায়েন | [৩.২.১] সরকারি সংস্থার নিরাপত্তা বিধান | বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান | নিরাপত্তার জন্য চাহিদা/পত্র প্রেরণ |
| | [৩.২.২] রাষ্ট্রীয় ও ধর্মীয় অনুষ্ঠানাদির নিরাপত্তা বিধান | রেঞ্জ দপ্তর ও প্রত্যাশী প্রতিষ্ঠান | নিরাপত্তার জন্য চাহিদা/পত্র প্রেরণ |
| | [৩.২.৩] আনসার ব্যাটালিয়নের বিভিন্ন ক্যাম্প পরিদর্শন | ২৪ আনসার ব্যাটালিয়ন-এর ক্যাম্প | পরিদর্শনের ছবি ও পরিদর্শণ রেজিস্টারের ছবি |
| [৪.১] দুর্যোগ ব্যবস্থাপনামূলক কার্যক্রম | [৪.১.১] প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনার জন্য স্বেচ্ছাসেবী তৈরি | - | - |
| | [৪.১.২] বৃক্ষ রোপন | আভি সদর দপ্তর ও রেঞ্জ দপ্তর সিলেট | অফিস আদেশ, ছবি ও সমাপনী প্রতিবেদন |

সংযোজনী-৪

# আঞ্চলিক/মাঠ পর্যায় কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা: ২০২৩-২০২৪

আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের নাম: ২৪ আনসার ব্যাটালিয়ন, কালাপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণঃ ২০২৩-২০২৪ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা……………………………………………………...৬** | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | সহকারী পরিচালক | ০৪ | লক্ষ্যমাত্রা | ০১ | ০১ | ০১ | ০১ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | সহকারী পরিচালক | ০২ | লক্ষ্যমাত্রা | ০১ | - | ০১ | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার আয়োজন | প্রশিক্ষিত কর্মচারী | ১ | সংখ্যা | সহকারী পরিচালক | ০২ | লক্ষ্যমাত্রা | - | ১ | - | ১ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন<br>১.৪.১ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি | উন্নত কর্ম-পরিবেশ | ০.৫ | তারিখ | সার্কেল অ্যাডজুট্যান্ট | ০৮/১০/২৩<br>০৩/০৬/২৪ | লক্ষ্যমাত্রা | - | ০৮/১০/২৩ | - | ০৩/০৬/২৪ | | | সংযুক্তি-০১ পাতা |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৪.২ (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ | কমিটি কর্তৃক | ০.৫ | তারিখ | অধিনায়ক | ১০/০৪/২৪ | লক্ষ্যমাত্রা | - | - | ১০/০৪/২৪ | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ……………………………………………………...২** | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | সহকারী পরিচালক | ৩১/০৭/২৩ | লক্ষ্যমাত্রা | ৩১/০৭/২৩ | - | - | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম………..২** | | | | | | | | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ২ | % | সার্কেল অ্যাডজুট্যান্ট | ৯০% | লক্ষ্যমাত্রা | ৯০% | ৯০% | ৯০% | ৯০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |